

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে দাঁড়ানোর সময় আল্লাহর প্রশংসা কারীকে মহান আল্লাহ পছন্দ করেন

ذِكْرُ اسْتِحْبَابِ الْحَمْدِ لِلَّهِ جَلَّ وَعَلَا لِلْمَرْءِ عِنْدَ الْقِيَامِ إِلَى الصَّلَاةِ

আরবী

1758 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ سَلَامٍ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَة قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ وَثَابِتٌ وَحُمَيْدٌ عَنْ أَنسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم كَانَ يُصلِّي فِيهِمْ فَجَاءَ رَجُلُّ وَقَدْ حَفَزَهُ النَّفَسُ فَقَالَ: الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا كَانَ يُصلِّي فِيهِ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ قَالَ: (أَيُّكُمُ الْمُتَكَلِّمُ بِالْكَلِمَاتِ؟ فَإِنَّهُ لَمْ يَقُلْ بَأْسًا)؟ فَقَالَ بِالْكَلِمَاتِ؟ فَإِنَّهُ لَمْ يَقُلْ بَأْسًا)؟ فَقَالَ الرَّجُلُ: أَنَا يَا رَسُولَ اللَّهِ جِبِّتُ وَقَدْ حَفَزَنِي النَّفَسُ فَقُلْتُهُنَّ فَقَالَ: (لَقَدْ رَأَيْتُ اثْنَيْ عَشَرَ الرَّجُلُ: أَنَا يَا رَسُولَ اللَّهِ جِبِّتُ وَقَدْ حَفَزَنِي النَّفَسُ فَقُلْتُهُنَّ فَقَالَ: (لَقَدْ رَأَيْتُ اثْنَيْ عَشَرَ مَلَكًا ابتدرها أيهم يرفعها)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1758 ا خلاصة حكم المحدث : صحيح - ((صحيح أبي داود)) ((صفة الصلاة))

বাংলা

১৭৫৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে সালাত আদায় করছিলেন, এমন সময় এক ব্যক্তি আসেন এমন অবস্থায় যে, (দ্রুত আসার কারণে) তিনি হাফাচ্ছিলেন, তখন তিনি বলেন, الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارِكًا فِيهِ (আল্লাহর জন্য পবিত্র, বরকতময় প্রচুর প্রচুর প্রশংসা)।

অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাত শেষ করলেন, তখন তিনি বলেন, "এসব বাক্যগুলো কে বললো?" লোকজন সবাই চুপ রইলেন। তখন তিনি আবারো বললেন, "এসব বাক্যগুলো কে বললো? সে



নিশ্চয়ই কোন দোষনীয় কিছু বলেনি।" তখন সেই ব্যক্তি বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি বলেছি। আমি মাসজিদে আসি এমন অবস্থায় যে, (দ্রুত আসার কারণে) আমি হাফাচ্ছিলাম, সেসময় আমি এসব বাক্যগুলি বলেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি দেখলাম যে, বারো জন ফেরেস্তা প্রতিযোগিতা করছেন এগুলিকে উর্ধ্বাকাশে নিয়ে যাওয়ার জন্য।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়া'লা: ১/১৪৮; সহীহ মুসলিম: ৬০০; আবূ দাউদ: ৭৬৩; নাসাঈ: ২/১৩২-১৩৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৩৩-৬৪৪; মুসনাদ আহমাদ: ৩/১৯১; আত তায়ালিসী: ২০০১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন